

## একগুচ্ছ কবিতা


আইভী রহমান

তোমাকে ভুলতে গিয়ে কতবার যে নিজেকে ভুলেছি,  
সেকথা আমার অন্তর্যামী জানেন,  
তোমাকে আঘাত করতে গিয়ে  
কত বার যে নিজে রক্তাক্ত হয়েছি  
সে কথা আমার অন্তর্যামী জানেন,  
তোমাকে এক বিন্দু কষ্টের আঁচড় কাটতে গিয়ে  
কতবার নিজস্ব সর্বাঙ্গ পেয়েছে  
শত সহস্র রক্তের আঁচড়  
সে কথা আমার অন্তর্যামী জানেন,  
তোমাকে ভালবাসার আনন্দ দিতে না পারার কষ্টে  
কতবার, কত শত বার বেঁচে থেকেও যে মরেছি  
সে কথা আমার অন্তর্যামী জানেন,  
তোমাকে পেয়েও হারানোর কষ্টে  
আকণ্ঠ নীলে ডুবে ডুবে ডুবেছি  
সে কথা আর কেউ না জানুক  
আমার অন্তর্যামী জানেন--

তোমাকে ছুঁতে চাওয়ার প্রবল বাসনা  
কুমুদি মায়ায় কত বার যে জ্বলে জ্বলে ওঠে  
সে কথা আমার অন্তর্যামী জানেন,  
ময়ূখ বিভায় নীল রক্তজবা হয়ে  
তোমাকে কত বার যে স্পর্শ করে আসি চুপিসাড়ে  
সে কথা তুমি না জানলেও  
আমার অন্তর্যামী জানেন-

চোখের তারায় শিশির বিন্দুর মত জ্বলে থাকো  
তুঙ্গভদ্রা ধ্যানে আমার  
চন্দ্র দীঘল রাতের নিকষ কালোতে জোনাকি সম জ্বলে থাকো বিশ্বাসবিন্দু হয়ে  
সে কথা তুমি না জানলেও আমার অন্তর্যামী জানেন-  
তোমাকে বলতে গিয়েও বলা হয়নি কোনো দিনও  
কিন্তু একদিন আমার অন্তর্যামীর মতো তুমিও জানবে,  
আমি তোমাকেই ভালবেসে ছিলাম,  
কাছে টেনেছিলাম,  
ছুঁয়েছিলাম গভীর গোপনে,  
এসেছিলাম এইখানে  
শুধু তোমারই জন্য  
শুধুই তোমার জন্য----

১৩ই জুন ২০১০



মৌনতার চাদর পরেছি  
মন খারাপের শীত সকালে  
বিষণ্ণতার কাজল মেখেছি  
বিরহ বিধুর খয়েরি বিকেলে  
যন্ত্রনার ব্লটিং শুষে নিয়েছে  
ঠোঁটের প্রলেপে তোমার নাম  
ভুলে গেছি এক সাথে  
পাশা পাশি আমরা এই খানে  
কোনো দিনও ছিলাম---

১৫ জুলাই ২০১০

হঠাৎ করেই দমকা হাওয়া  
হঠাৎ করেই ঝড়  
হঠাৎ করেই অনেক কাছের  
আমি তুমি পর---

১৫ জুলাই ২০১০

অনিয়ন্ত্রিত আবেগ নিমেষে নিয়ন্ত্রিত  
অনিছার কারাগারে বন্দি সমস্ত ইচ্ছা  
কাজল ধুয়ে ফেলে চির ঘুমে একা  
নেই পরোয়া আজ  
যদি আর না হয় দেখা---

১৫ জুলাই ২০১০

খসে গেছে তারা, ঝরে গেছে ফুল  
থেমে গেছে রথ অজানা ঝড়ে  
সিক্ত চোখ থমথমে পথ  
স্তব্ধ হৃদস্পন্দন---  
কম্পিত ওষ্ঠে তবু  
অস্ফুট উচ্চারণে  
বিস্মিত বিস্ময়,  
সেই নাম!

১৫ জুলাই ২০১০

জীবন মাঝে মাঝে এমন সব কাণ্ড ঘটায় -  
আচমকা তোলপাড় বড় বইয়ে দিয়ে -  
জীবনের সাজানো গোছানো পরিপাটি ঘরে  
আচমকা মৃত্যুর হিমশীতল পরশের তীব্রতা!  
কিছু কিছু কষ্টের কোনো নাম দেওয়া যায় না  
দেওয়া যায়না কোনো কোনো সম্পর্কের পরিণতি -  
অদেখা অজানা তীব্র এক বন্ধন  
হৃদয়ের সব কটা গোপন প্রকোষ্ঠে কোনো এক অজানা মুহূর্তে  
বেঁধে ফেলে শক্তপোক্ত মজবুত এক ইমারত।

অজানা কষ্টের স্রোতে নাম না দিতে পারা স্মৃতির মিছিলে  
জ্বল জ্বল জ্বলতে থাকে তবু সেই সম্পর্কের সবটুকু  
হৃদয় আলো করা তনুয় মুহূর্তগুলো -  
যার পরশে জীবন একদিন মুখরিত,  
উচ্ছ্বসিত ঝরণার মতো গেয়ে ছিল সুন্দর সব গান  
যার আলোতে জীবন নির্ভয়ে অনাবিল আনন্দে চলেছিলো কিছুটা পথ---

যার হাতে হাত রেখে জীবন হারিয়ে গিয়েছিল  
মন ও শরীরের দুরত্বের বাইরে অন্য এক আলাদা অচেনা  
অথচ চির আপন শুভ্র পবিত্র নিষ্পাপ এক জগতে।

জীবনের পিয়াসী বুকে ফুলকলি হয়ে ফুটে ছিলো  
সেই সম্পর্ক কিছুটা সময়,  
আজ হঠাৎ ঝড়ের পর চমকে দেখি- চমকিত,  
বিমহিত সুরভিত সম্পর্কের সেই জীবন আসলে  
আর জীবনের নেই- চলে গেছে- ঝরে গেছে- মুছে গেছে-  
অন্ধকার রাতের নিকষ কালোতে -  
ঐ সম্পর্কের সাথে একেবারে  
চিরতরে  
দূরে কোথাও  
বহু দূরে  
অনেক দূরে -

১৫ জুলাই ২০১০